ভোরের কাগজ ৫

তারিখ OCT. 1 0 1999
পৃষ্ঠা ... কলাম ...

গোলাপি–সাদা সরাসরি প্রতিদ্বন্দ্বিতা

# চ.বি.র ৪ পর্ষদের ৭ পদে ১৪ অক্টোবর নির্বাচন

**চ. বি. সংবাদদাতা :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারটি পর্ষদের সাতটি পদে আগামী ১৪ অক্টোবর নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। পর্ষদগুলো হলো : ডিন, সিন্ডিকেট, ফিন্যান্স কমিটি এবং একাডেমিক কাউন্সিল। 'মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও প্রগতির চেতনায় বিশ্বাসী' গোলাপি প্যানেল এবং 'বাংলাদেশী জাতীয়তাবাদের ধারক' সাদা প্যানেল এ নির্বাচনে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছে।

ইতিমধ্যে সিন্ডিকেট সদস্য পদে প্রভোস্ট কোটায় শাহজালাল হলের প্রভোস্ট অধ্যাপক ড. সুলতান আহামদ (গোলাপি), প্রভাষক কোটায় পদার্থ বিদ্যা বিভাগের প্রভাষক মোঃ জহিরুল হক মজুমদার (গোলাপি) এবং একাডেমিক কাউন্সিলের সদস্য পদে সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউটের প্রভাষক মোহাম্মদ মোহসীন (সাদা) ও সমাজতত্ত্ব বিভাগের প্রভাষক লীমা হক (গোলাপি) বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

বাণিজ্য অনুষদের ডিন ড. মঞ্জুর মোরশেদ মাহমুদ মঞ্জুরি কমিশনের সদস্য নির্বাচিত হওয়ায় এ পদটি শূন্য হয়ে পড়ে। বাণিজ্য অনুষদের ডিনের পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন হিসাব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. দীপক কান্তি দত্ত (গোলাপি) এবং ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মোঃ আতহার।

সিন্ডিকেটের সদস্য পদে অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপক কোটায় গোলাপি প্যানেলের প্রার্থী যথাক্রমে অধ্যাপক মোহীত-উল-আলম, মোঃ আব্দুল্লাহ আল মামুন ও আবু মুহাম্মদ আতিকুর রহমান। অন্যদিকে সাদা প্যানেলের প্রার্থীরা হলেন যথাক্রমে ড. আ ন ম মুনির আহমদ, মোঃ জাফর ও ড. শাহরিয়ার তালুকদার।

ফিন্যান্স কমিটিতে একজন শিক্ষক প্রতিনিধি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন গোলাপি প্যানেলের ড. মোঃ আলাউদ্দিন এবং সাদা প্যানেলের ড. এ কে এম আব্দুল মতিন।

একাডেমিক কাউন্সিলের সদস্য পদে সহযোগী অধ্যাপক পদ কোটায় গোলাপি প্যানেল থেকে ড. মোঃ আলী আশরাফ ও মোঃ মহিবুল আজিজ এবং সাদা প্যানেলে থেকে মোঃ আশরাফুল ইসলাম ও ড. মোঃ বদিউল আলম প্রতিদ্বন্দ্বিতা করছেন। একই পর্ষদে সহকারী অধ্যাপক পদে গোলাপি প্যানেলের ড. এন এইচ এম আবু বকর ও মোহাম্মদ বশির আহম্মদ, এবং সাদা প্যানেলের বেগম ইছমত আরা হক ও মোহাম্মদ তৈয়ব চৌধুরী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

আগামী ১৪ অক্টোবর বিজ্ঞান ভবনের ১নং গ্যালারিতে ভোট অনুষ্ঠিত হবে। কোনো কারণে কোনো শিক্ষক অগ্রিম ভোট প্রদান করতে চাইলে তাকে ৯, ১১ ও ১২ অক্টোবর তারিখে ডেপুটি রেজিস্ট্রার জহুরুল ইসলামের অফিসে ভোট জমা দিতে বলা হয়েছে।